

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১৩

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারী ব্যক্তি ভুলবশত কোন কিছু পানাহার করলে তার জন্য বৈধ রয়েছে সিয়ামকে পূর্ণ করা, এতে তার কোন দোষ নেই

ذِكْنُ الْإِبَاحَةِ لِلصَّائِمِ إِذَا أَكَلَ أَوْ شَرِبَ نَاسِيًا أَنْ يُتِمَّ صَوْمَهُ مِنْ غَيْرِ حَرَجِ يلزمه فيه

আরবী

3513 _ أَخْبَرَنَا خَالِدُ بْنُ النَّضْرِ بْنِ عَمْرِو الْقُرَشِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاتٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَيُّوبَ وهشام ، عن ابن سيرين عن أبي هريرة وَقَتَادَةَ عَنِ ابْنِ سِيرِينَ ، عَنْ أبي هُرَيْرَةَ: أَنَّ رَجُلًا سَأَلَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فقال: يارسول اللَّهِ إِنِّي كنتُ صَائِمًا فأكلتُ وشربتُ نَاسِيًا فقال رسول الله: (أطعمك الله وسقاك أَتِمَّ صومك)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3513 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (4/ 86) ، (صحيح أبي داود)) (2075).

বাংলা

৩৫১৩. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি সিয়াম রেখেছিলাম, অতঃপর আমি ভুলবশত পানাহার করেছি।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আল্লাহই তোমাকে খাইয়েছেন এবং পান করিয়েছেন। তুমি তোমার সিয়াম পূর্ণ করো।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ২৩৯৮; সুনান বাইহাকী: ৪/২২৯; দারাকুতনী: ২/১৭৯-১৯০; তিরমিযী: ৭২১; আবূ ইয়ালা: ৬০৩৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন